গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.jamalpur.gov.bd

স্মারক নং-৫১.০১.৩৯০০.০০০.৪১.০১০.২৫-৬৬৭ তারিখ: ১০-১১-২০২৫ খ্রি:

প্রেরক : জেলা প্রশাসক
জামালপুর।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) ১ম পর্যায় কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ (টাকা), খাদ্যশস্য (চাল) ও খাদ্যশস্য (গম) উপবরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০২.২৫-১৩০, তারিখ: ০২-০৯-২০২৫ খ্রি:।
২। উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর এর স্মারক নং-৫১.০১.৩৯২৯.০০০.৪২.০০৬.২৫-১৪১, তারিখ: ১৪-১০-২০২৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) ১ম পর্যায় কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী নগদ অর্থ (টাকা), খাদ্যশস্য (চাল) ও খাদ্যশস্য (গম) ইসলামপুর উপজেলার প্রাপ্ত বরাদ্দ নিদের্শক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উপবরাদ্দ প্রদান করা হলো:

| ক্র: নং | উপজেলার নাম | বরাদ্দের ধরন | বরাদ্দের পরিমাণ | উপ-বরাদ্দের পরিমাণ | প্রকল্প সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | ইসলামপুর | নগদ টাকা | ১,৪০,০৪,০৯৩.২৫ | ১,২৭,৯০,০১৩.২৫ | ৩২টি |
| ০২ | | খাদ্যশস্য (চাল) | ৮৩.৪৬৮১ মে:টন | ৭৬.২২৮১ মে:টন | ১২টি |
| ০৩ | | খাদ্যশস্য (গম) | ৮৩.৪৬৮১ মে:টন | ৭৬.২২৮১ মে:টন | ১২টি |

২। উপ-বরাদ্দকৃত অর্থ ও খাদ্যশস্য ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং "১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১"(টাকা),"১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১" (চাল) এবং "১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২" (গম) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) কর্মসূচির খাত হতে নির্বাহ করতে হবে।

৩। ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১-১২-২০২৫ খ্রি.তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) কর্মসূচির বাস্তবায়ন (সংশোধিত) নির্দেশিকা -২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠোমো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ অর্থ টাকা) কর্মসূচির (সংশোধিত) বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ-৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৬। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়।

৭। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। **প্রতিটা প্রকল্পের বর্ণনাসহ রাস্তার শুরুতে/ প্রকল্পের দৃশ্যমান স্থানে (প্রযোজ্য ক্ষেত্রে) যথাযথ সাইজের পাথরের নাম ফলক অবশ্যই স্থাপন করতে হবে।**

৯। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

১০। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

১১। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুইপার্শ্বে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

১২। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে।

১৩। প্রকল্প বাস্তবায়নে মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১০/১১/২৫

মোঃ আব্দুল্লাহেল কাফি
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জামালপুর
০২৯৯৭৭৭-২১২৩
drrojamalpur@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.৩৯০০.০০০.৪১.০১০.২৫- তারিখ: ১০-১১-২০২৫ খ্রি:

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলোঃ-

০১। প্রশাসক, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
০২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর।
০৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জামালপুর।
০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর।
০৫। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ইসলামপুর, জামালপুর।
০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ইসলামপুর, জামালপুর।
০৭। অফিস কপি।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জামালপুর